

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
আইন-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০১.২২.৮৫

তারিখ: ১৫ ফাল্গুন ১৪২৮

২৮ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: মহামান্য হাইকোর্টের বিভাগের রিট পিটিশন নং-১২০৫৪/২০২১ মামলার অন্তর্বর্তীকালীন আদেশ প্রেক্ষিতে আবেদনটি বিধি মোতাবেক নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নীলফামারী জেলার ডোমার উপজেলার ডোমার মহিলা ডিগ্রী কলেজ এর প্রভাষক জনাব দুলাল চন্দ্র সরকার একটি অভিযোগের প্রেক্ষিতে কলেজ কর্তৃপক্ষ গত ০২.০৫.২০১০ তারিখে সাময়িক বরখাস্ত করেন। এখানে উল্লেখ্য যে, ডোমার সরকারী মহাবিদ্যালয়ের স্নাতক দ্বিতীয় বর্ষের ছাত্রী অভিযোগ করিয়া নারী ও শিশু নির্যাতন দমন আইন (সংশোধন/০৩) এর ৭/৯ (৪) (খ) ধারা মতে নারী ও শিশু ২৬৬/২০১০ নম্বর মামলায় জড়াইলে উক্ত মামলাটি বিজ্ঞ নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-০২, নীলফামারী বিচার নিষ্পত্তি অন্তে ০১.০৯.২০২০ নির্দোষ প্রমাণিত হইয়া বে-কসুর খালাস পাই। বিধায় বেতন-ভাতা পাওয়ার জন্য মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা বরারব ২১.১১.২০২১ তারিখে আবেদন করেন।

জনাব দুলাল চন্দ্র সরকারের আবেদন পত্রটি প্রেক্ষিতে কোন ব্যবস্থা গ্রহণ না করা সংস্কৃক হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১২০৫৪/২০২১ মামলা দায়ের করেন। মহামান্য হাইকোর্ট বিভাগ এ মামলার ১৩.১২.২০২১ তারিখে নিম্নরূপ অন্তর্বর্তীকালীন আদেশ প্রদান করেন;

“The respondent No. 2 is directed to dispose of the application represent dated 21.11.2021 (Annexure-H-2) submitted before it by the petitioner within a period of 30(thirty) working days from the date of receipt of this order, in accordance with law and communicate the decision to the petitioner.”

২। এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগ রিট পিটিশন নং-১২০৫৪/২০২১ মামলার অন্তর্বর্তীকালীন আদেশের প্রেক্ষিতে বাদীর ২১.১১.২০২১ তারিখের আবেদনটি (Annexure-H-2) বিধি মোতাবেক নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৮-২-২০২২

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

ফোন: ৯৫৪৬৬৮২

মহাপরিচালক


মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০১.২২.৮৫/১

তারিখ: ১৫ ফাল্গুন ১৪২৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



২৮-২-২০২২

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব